"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd

বিষয়: **জাতীয় শোক দিবস ২০২২ উদ্‌যাপনের নিমিত্ত জাতীয় বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণীঃ-**

সভাপতি	:	জনাব মোঃ মুহিবুজ্জামান অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	:	১৪ আগস্ট ২০২২, সকাল ৯.৩০ ঘটিকা
স্থান	:	জুম প্লাটফর্ম।

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগষ্টে শাহাদাতবরণকারী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব ও পরিবারের সকলের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী যথাযথভাবে পালনে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে এ মন্ত্রণালয়ের কর্মসূচি চূড়ান্তকরণে ১১ জুলাই, ২০২২ তারিখে একটি ফলোআপ সভা অনুষ্ঠিত হয়। উক্ত ফলোআপ সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত বাস্তবায়ন কমিটির অদ্যকার সভার আয়োজন করা হয়েছে।

আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস ২০২২ যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে গৃহীত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

সিদ্ধান্তঃ

(১) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষে ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে অতিরিক্ত সচিব (কার্যক্রম) ডা. আ.এ.মোঃ মহিউদ্দিন ওসমানী নেতৃত্বে একটি দল সকাল ৮.০০ টা থেকে ৯.০০ টার মধ্যে সুবিধাজনক সময় পুষ্পস্তবক অর্পণ করবেন। দপ্তর/সংস্থার প্রতিনিধিদল মন্ত্রণালয়ের সাথে একই ব্যানারে পুষ্পস্তবক অর্পণ করবেন।

(২) সকাল ১০.০০ ঘটিকায় মাননীয় প্রতিমন্ত্রী বাংলাদেশ শিশু একাডেমি প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতি (ম্যুরাল)তে পুষ্পস্তবক অর্পণ করবেন। সচিব মহোদয় সকল কর্মকর্তা কর্মকর্তাদের নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতি (ম্যুরাল)তে পুষ্পস্তবক অর্পণ করবেন। দপ্তর/সংস্থার প্রধানগণ আলাদাভাবে আলাদাভাবে পুষ্পস্তবক অর্পণ করবেন। ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের জন্য ম্যুরাল প্রস্তুতসহ পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে। তাছাড়া ম্যুরাল স্থলে একজন উপস্থাপক, সাউন্ড সিস্টেম এবং দোয়া পরিচালনার জন্য একজন হুজুর ও ছবি তোলার জন্য একজন ক্যামেরাম্যান রাখার জন্য বাংলাদেশ শিশু একাডেমি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

(৩) অনুষ্ঠান স্থলে হ্যান্ড স্যানিটাইজার, তাপমাত্রা পরিমাপক যন্ত্র, মাস্ক এবং মঞ্চে টিস্যু বক্স, কলম, প্যাড ফোল্ডার, চকলেটসহ পানির ব্যবস্থা রাখতে হবে।

(৪) মিলনায়তনের ভিতরে সামনের সোফায় মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা, শিশু/অভিভাবক, প্রেস এর জন্য আলাদা আলাদা আসন বিন্যাসের ট্যাগ রাখতে হবে।

(৫) নিরাপত্তার জন্য ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার ও স্থানীয় থানায় বাংলাদেশ শিশু একাডেমি পত্র প্রেরণ করবে।

(৬) প্রেস কভারেজের ব্যবস্থা জনসংযোগ কর্মকর্তাকে করতে হবে।

(৭) মঞ্চে কমবেশী ২০ জন প্রতিকী মুজিব শিশু এর আসন ব্যবস্থা করতে হবে। অন্যান্য শিশুদের সুবিধাজনক স্থানে আসন ব্যবস্থা করতে হবে।

(৮) নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থার জন্য বিদ্যুৎ বিভাগে বাংলাদেশ শিশু একাডেমি পত্র প্রেরণ করবে।

(৯) পুষ্পস্তবক অর্পণ স্থল এবং মিলনায়তনের অনুষ্ঠান উপস্থাপনার জন্য উপর্যুক্ত উপস্থাপক মনোনয়নের ব্যবস্থা বাংলাদেশ শিশু একাডেমি গ্রহণ করবে।

(১০) দ্রুততার সাথে পুরস্কার গ্রহণের স্বার্থে পুরস্কার প্রাপক শিশুদের মঞ্চের পাশে প্রস্তুত রাখতে হবে।

০৩। সভাপতি, জাতীয় শোক দিবস ২০২২ এর গৃহীত কর্মসূচি যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনে অর্পিত দায়িত্ব সকলকে যথাযথভাবে পালনে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভায় আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪/৮/২০২২
মোঃ মুহিবুজ্জামান
অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
এবং
আহ্বায়ক, জাতীয় শোক দিবস ২০২২
উদ্‌যাপন সংক্রান্ত বাস্তবায়ন কমিটি ।

স্মারক নং-৩২.০০.০০০০.০৪১.২২.০০৭.১৪. ১৭৬ তারিখঃ ১৪/০৮/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

০১। চেয়ারম্যান, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, কনকর্ড রয়্যাল কোর্ট ভবন (৬ষ্ঠ তলা), ২৭৫/জি, রোড নং-১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯।
০৩। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
০৫। মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, তথ্য আপা প্রকল্প, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
০৮। যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। জনাব সালেহা বিনতে সিরাজ, অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
১০। জনাব মুহাম্মদ আরিফুল ইসলাম, পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, কনকর্ড রয়্যাল কোর্ট ভবন (৬ষ্ঠ তলা), ২৭৫/জি, রোড নং-১৬ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯।
১১। উপসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৬। জনাব আবুল কাশেম, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
১৭। জনাব লায়লা আরজুমান বানু, সহকারী পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
১৮। জনাব রেজিনা আকতার, লাইব্রেরীয়ান, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
১৯। অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪.০৮.২০২২
(তানজিনা ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫১২২০৮